রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০১৯

## সূচিপত্র

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৮১—৬৯১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২১৭—১২৪৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩০৬১—৩০৯৫ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...........................তারিখে সমাপ্ত বাৎসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাৎসরিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **০৯.০০.০০০০.১২৪.২৪.০০৪.১৯-২০১**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য "Dhaka and Western Zone Transmission Grid Expansion Project"- শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকারের পক্ষে লোন নেগোসিয়েশনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হল :

**দলনেতা**

(ক) মিজ. ফরিদা নাসরীন, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

**সদস্যবৃন্দ**

(খ) জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, যুগ্মসচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।

(গ) জনাব জি. এম. আতিকুর রহমান জামালী, উপসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**সদস্যবৃন্দ**

(ঘ) ড. শাহ মোঃ হেলাল উদ্দীন, উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ।
(ঙ) জনাব পরিমল সরকার, উপসচিব (এডিবি-৪), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(চ) জনাব জাকির হোসাইন, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
(ছ) জনাব ওমর মোঃ ইমরূল মহসিন, উপ-প্রধান, বিদ্যুৎ উইং, পরিকল্পনা কমিশন
(জ) জনাব মোঃ মাহবুব জামান খান, উপপরিচালক, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
(ঝ) জনাব মোঃ মাসুম আলম বকসী, প্রধান প্রকৌশলী, পিএন্ডডি পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি)
(ঞ) জনাব মোঃ শাফায়েত হোসেন, দ্বিতীয় সচিব (শুল্ক অব্যাহতি ও প্রকল্প সুবিধা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
(ট) জনাব আছাদুল হক, সহকারী প্রধান, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(ঠ) বিবি করিমুন্নেছা, সহকারী প্রধান, এশিয়া, জেইসি এবং এফএন্ডএফ অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২। <u>নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :</u>

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ০৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ | সকাল ১০:০০টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পরিমল সরকার**
উপসচিব।

**এডিবি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ

নং **০৯.৫২১.০২৪.০১.০০.০০৩.২০১৫-২৩৯**—বাংলাদেশ সরকার পক্ষে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে অর্থ বিভাগের আওতায় বাস্তবায়িতব্য " BAN (42466-017): Skills for Employment Investment Program (SEIP) "-শীর্ষক কর্মসূচির Tranche-III-এর Loan Negotiation-এর লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হল :

**দলনেতা**

(১) মিজ. ফরিদা নাসরীন, অতিরিক্ত সচিব (এডিবি অনুবিভাগ), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) জনাব মোঃ আজিজুল আলম, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
(৩) জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, যুগ্মসচিব, অর্থনৈতিক সর্ম্পক বিভাগ
(৪) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, যুগ্ম সচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
(৫) জনাব মোহাঃ ফজলুল বারী, উপ-নির্বাহী প্রকল্প পরিচালক, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
(৬) জনাব মোঃ জসিম উদ্দীন বাদল, উপসচিব, শিল্প মন্ত্রণালয়।
(৭) জনাব শেখ মোঃ শরীফ উদ্দিন, উপ প্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
(৮) জনাব মোল্লা মোহাম্মদ আনিসুজ্জামান, উপ প্রধান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(৯) মিজ মাহবুবা হাসিন, সিনিয়র সহকারী প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(১০) জনাব ড. মো: জহিরুল ইসলাম, সিনিয়র সহাকারী প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
(১১) জনাব মোঃ শাফায়েত হোসেন, দ্বিতীয় সচিব, জাতীয় রাজস্ব বোর্ড
(১২) জনাব আছাদুল হক, সহকারী প্রধান, ফাবা ও আইসিটি অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
(১৩) প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
(১৪) প্রতিনিধি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়

২। <u>নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :</u>

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ | সকাল ১১:০০টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা হাসিন**
সিনিয়র সহঃ প্রধান।

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৬/০৩ সেপ্টেম্বর ২০১৯

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৭-৪৫৪**—বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সনের ১২৭ নং অর্ডার) এর ৯(৩)(সি) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে অর্থ বিভাগের সাবেক সিনিয়র সচিব জনাব মাহবুব আহমেদ- কে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে যোগদানের তারিখ থেকে সর্বোচ্চ ০৩(তিন) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ সিদ্দিকুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপন

তারিখ : ২১ ভাদ্র ১৪২৬/০৫ সেপ্টেম্বর ২০১৯

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৮৮.১৮.১৯-১২৩৮**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরে “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির” আওতায় বিশেষ গবেষণা অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল | কমিটিতে পদবি |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ. এস. মাহফুজুল বারি | প্যাথলজি বিভাগ, ভেটেরিনারি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ০১৭১৭৮৩৮৯১৫, bari.bau.bd@gmail.com | আহবায়ক |
| ২। | অধ্যাপক ড. মো: সেকেন্দার আলী প্রো-ভাইস চ্যান্সেলার | শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা, ০১৭১১২৩০১৮৩, msa_sau@yahoo.com | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ০১৭১১৫৪৭৪২৯, rhsarker2000@yahoo.co.uk | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, ০১৮১৫৫১৫০৯৭, mmrahman 11@yahoo.com | সদস্য |
| ৫। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ০১৭৩৩৭৬৯৮০০, aminoor69@yahoo.com | সদস্য |
| ৬। | ড. মোঃ আশরাফ হোসেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর, ০১৭১২৯৪৮৮৭১, ashrafbdprc@gmail.com | সদস্য |
| ৭। | ড. মো. সলিমুল্লাহ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | মলিকুলার বায়োটেকনোলজি বিভাগ, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ি, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ ০১৭৩৮৯৯৯৯৯৩, salim2969@gmail.com | সদস্য |
| ৮। | ড. মোঃ গোলাম মোস্তফা উপসচিব | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ০১৫৫২৩২৪৫৯০, ০১৭৩২৯০৭৮৮৩, section9@most.gov.bd | সদস্য-সচিব |

২। কর্মপরিধি :

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Committee’র আহবায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee’র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

ঙ. আহ্বায়ক ও সদস্যগণ বিধিমোতাবেক স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে (TA & DA) প্রাপ্য হবেন।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## মৎস্য-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং **৩৩.০০.০০০০.১২৭.২২.০১৩.১৮-২৫৫**—ইলিশ সম্পদ সংরক্ষণে জারীকৃত এস,আর, ও নং ২৮০-আইন/২০১৭, তারিখ: ১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ মোতাবেক Protection and Conservation of Fish Act 1950 (E.B. Act No.XVIII of 1950) এর অধীন প্রণীত Protection and Conservation of Fish Rules, 1985 এর Rule 13 এর sub rule (1) এর clause (b) এর TABLE এর কলাম (3) অনুযায়ী এ বছর ইলিশের প্রধান প্রজনন মৌসুম ৯ অক্টোবর থেকে ৩০ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ২২ দিন (২৪ আশ্বিন হতে ১৪ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ) সময়কালে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করা হলো।

জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আ.ন.ম নাজিম উদ্দীন**
উপসচিব।

---

## পানি সম্পদ মন্ত্রণালয়
## প্রশাসন-০১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ ভাদ্র ১৪২৬/২৮ আগস্ট ২০১৯

নং **৪২.০০.০০০০.০৩১.১১.০৮৩.১৬-৫৫৫**—নদী গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৫৩ নং আইন) এর ৬(১)(গ) ধারা অনুযায়ী গঠিত নদী গবেষণা ইনস্টিটিউট-এর পরিচালনা বোর্ডের একজন সদস্য হিসেবে সরকার একাদশ জাতীয় সংসদের ফরিদপুর-১ আসন থেকে নির্বাচিত মাননীয় সংসদ সদস্য জনাব মনজুর হোসেনকে মনোনীত করিলেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. শান-ই-আলম মিষ্টি**
সিনিয়র সহকারী সচিব।

---

## বাণিজ্য মন্ত্রণালয়
## পরিচালক বাণিজ্য সংগঠনের কার্যালয়
## (টি,ও-২ শাখা)

### পরিপত্র

তারিখ : ১৮ ভাদ্র ১৪২৬/০২ সেপ্টেম্বর ২০১৯

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০২৮.৯৮(অংশ-২)/২৫১**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর আবেদনের প্রেক্ষিতে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর ১৩ ধারার বিধানমতে সফটওয়্যার খাতে ব্যবসা প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর সদস্যপদ নিশ্চিতকরণের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এমতাবস্থায়, সফটওয়্যার খাতে ব্যবসা প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর সদস্যপদ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**মোঃ ওবায়দুল আজম**
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
অতিরিক্ত সচিব।

## রপ্তানি-৩ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৩ ভাদ্র ১৪২৬/১৮ আগস্ট ২০১৯

নং **২৬.০০.০০০০.১০২.১৫.০০৩.১৪-২৭৯**—চীনের কুনমিংস্থ বাংলাদেশ মিশন (কনস্যুলেট জেনারেল)-এ বাণিজ্য মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে একটি নতুন বাণিজ্যিক উইং সৃজন করা হলো।

২। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে এ আদেশ জারি করা হলো।

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

## তথ্য মন্ত্রণালয়
## টিভি-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৬/১৪ আগস্ট ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৭০**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত বিভিন্ন প্যাকেজ অনুষ্ঠান প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে “বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটি” নিম্নরূপ পূণর্গঠন করা হলো :

**সভাপতি**

১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
৩. উপসচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জনাব মোঃ সাদিকুর রহমান চৌধুরী, মিডিয়া ব্যক্তিত্ব, ঢাকা
৫. জনাব অরুণ সরকার রানা, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।
৬. মীর জাহিদুল হাসান, অভিনেতা ও নির্দেশক, ঢাকা।
৭. রোকেয়া প্রাচী, অভিনয় শিল্পী ও নির্দেশক, ঢাকা।
৮. তানভীন সুইটি, অভিনয় শিল্পী, ঢাকা।
৯. জনাব মোঃ শাকিল খান, চলচ্চিত্র অভিনেতা, ঢাকা।
১০. মিজ তারিন জাহান, অভিনয় শিল্পী, ঢাকা।
১১. নাসরিন হুদা বীথি, ঢাকা।
১২. ইয়াসমীন হোসেন, ঢাকা।
১৩. জনাব মোঃ আক্তারুজ্জামান খোকা, ঢাকা।
১৪. জনাব মোঃ গিয়াস উদ্দিন খান, ঢাকা।

**সদস্য-সচিব**

১৫. পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

২। কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ :-

(১) এ কমিটি বহিরাগত নির্মাতাদের অনুষ্ঠান যাচাই-বাছাই করে অনুষ্ঠানের প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) মহাপরিচালক এবং উপ মহাপরিচালক (অনুষ্ঠান) এর অনুপস্থিতিতে মহাপরিচালক কর্তৃক নির্বাচিত একজন সদস্য উক্ত সভায় সভাপতিত্ব করবেন;

(৩) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৪) টিভি ভবনের প্রিভিউ কক্ষে প্রয়োজন অনুযায়ী সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৫) বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না। এছাড়া বিটিভির নিজস্ব কোন অনুষ্ঠানে অংশগ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন প্রিভিউ কমিটির সভাপতির অনুমোদন গ্রহণ করতে হবে;

(৬) কোন সদস্য পদ শূন্য হলে মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১৩ মে ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-২১৬ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুজিনা সুলতানা**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ শ্রাবণ ১৪২৬/১৪ আগস্ট ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৭১**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত/জমাকৃত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে "বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি" নিম্নরূপ পূনর্গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৩) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদূর্ধ্ব)।

(৪) উপসচিব (টিভি), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) মিজ সুজাতা আজিম, চলচ্চিত্র অভিনেতা, ঢাকা।

(৬) সৈয়দ গাউসুল আজম শাওন, অভিনেতা, ঢাকা।

(৭) জনাব শাহ আলম সিকদার জয়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৮) শেখ মুন্নি আক্তার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৯) শেখ আওলাদ হোসেন বুলবুল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(১০) তাহেরা ফেরদৌস জেনিফার, উপস্থাপিকা ও নাট্যশিল্পী, ঢাকা

(১১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা

২। **কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ** :-

(১) এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৩) প্রতি সপ্তাহে দুই থেকে তিন দিন (প্রয়োজন অনুযায়ী) টিভি ভবনের প্রিভিউ কক্ষে সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৪) বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না।

(৫) কোন সদস্যের পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন।

(৬) অতিরিক্ত সচিব তথ্য মন্ত্রণালয় এর অনুপস্থিতিতে মহাপরিচালক বিটিভি সভাপতিত্ব করবেন।

৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ২০ শে মার্চ ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-১২০ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২০ ভদ্র ১৪২৬/০৪ সেপ্টেম্বর ২০১৯

নং **১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৯৫(১৫)**—বাংলাদেশ টেলিভিশনে প্রচারের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে নির্মিত/জমাকৃত চলচ্চিত্র প্রিভিউ করার জন্য নিম্নরূপভাবে "বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটি" নিম্নরূপ পূনর্গঠন করা হলো :

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

(৩) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব বা তদূর্ধ্ব)।

(৪) উপসচিব (টিভি-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(৫) মিজ সুজাতা আজিম, চলচ্চিত্র অভিনেতা, ঢাকা।

(৬) সৈয়দ গাউসুল আজম শাওন, অভিনেতা, ঢাকা।

(৭) জনাব শাহ আলম সিকদার জয়, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৮) শেখ মুন্নি আক্তার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(৯) শেখ আওলাদ হোসেন বুলবুল, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ঢাকা।

(১০) জনাব আবদুস সামাদ খোকন, চলচ্চিত্র পরিচালক, কাহিনীকার ও চিত্রনাট্যকার, ঢাকা।

(১১) তাহেরা ফেরদৌস জেনিফার, উপস্থাপিকা ও নাট্যশিল্পী, ঢাকা।

**সদস্য-সচিব**

(১২) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি ও শর্তাবলি নিম্নরূপ** :-

(১) এ কমিটি বিটিভিতে প্রদর্শনের নিমিত্তে চলচ্চিত্র যাচাই-বাছাই করে প্রচার উপযোগিতা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) কমিটির কমপক্ষে ০৬ (ছয়) জন সদস্য উপস্থিত থাকলে কমিটির কোরাম পূর্ণ হবে;

(৩) প্রতি সপ্তাহে দুই থেকে তিন দিন (প্রয়োজন অনুযায়ী) টিভি ভবনের প্রিভিউ কক্ষে সভা/প্রিভিউ অনুষ্ঠিত হবে;

(৪) বাংলাদেশ টেলিভিশন চলচ্চিত্র প্রিভিউ কমিটির কোনো সম্মানিত সদস্য বেসরকারি উদ্যোগে বিটিভির জন্য কোনো অনুষ্ঠান নির্মাণে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত থাকতে পারবেন না;

(৫) কোন সদস্যের পদ শূন্য হলে সভাপতি নতুন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব দিবেন;

(৬) কমিটির সভাপতির অনুপস্থিতিতে মহাপরিচালক, বিটিভি সভাপতিত্ব করবেন।

৩। এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের ১৪ আগস্ট ২০১৯ তারিখের ১৫.০০.০০০০.০২৪.০৬.০১৬.১১-৩৭১ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রুজিনা সুলতানা**
উপসচিব।

**চলচ্চিত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৬/০১ সেপ্টেম্বর ২০১৯

**নং তম/চলচ্চিত্র/ফি:আ:৩০/০৪/৪০৫**—বাংলাদেশ ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, অধ্যয়ন, সচেতনতা সৃষ্টি ও অন্যান্য কার্যক্রমে বিশেষজ্ঞ সহায়তা, পরামর্শ এবং এ সকল বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়ের ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের তম/চলচ্চিত্র/ফি:আ:৩০/০৪/৫১ সংখ্যক আদেশে গঠিত বিশেষজ্ঞ কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নিম্নোক্ত ০৭ (সাত) সদস্যবিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

২। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।

৩। ভাইস- চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

৪। অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৫। জনাব মতিন রহমান, চলচ্চিত্র নির্মাতা ও চলচ্চিত্র বিষয়ক শিক্ষক।

৬। জনাব মসিহ্উদ্দিন শাকের, চলচ্চিত্র পরিচালক।

**সদস্য-সচিব**

৭। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।

২। এ কমিটি "বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালনা ও ব্যবস্থাপনা নীতিমালা-২০১০" এর ১১ অনুচ্ছেদে বর্ণিত 'গ' থেকে 'ঠ' উপানুচ্ছেদের বিধানাবলি অনুসারে দায়িত্ব পালন করবে।

৩। প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ২ (দুই) বছর মেয়াদে এ কমিটি বলবৎ থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**বেতার-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪২৬/২৯ আগস্ট ২০১৯

**নং ১৫.০০.০০০০.০২১.০২৭.০১.১৯-৮৭০**—যেহেতু, সৈয়দ জাহিদুল ইসলাম, উপপরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার বর্তমানে প্রেষণে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে কর্মরত আছেন;

যেহেতু, তিনি বাংলাদেশ বেতারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সম্পর্কে অসঙ্গত, ভিত্তিহীন, হয়রানিমূলক মিথ্যা এবং তুচ্ছ অভিযোগ-সংবলিত তথ্যাদি সংক্রান্ত যে সকল উড়ো চিঠি আসে তার অধিকাংশের সাথে জড়িত মর্মে অভিযোগ উত্থাপন করা হয়;

যেহেতু, উল্লিখিত অভিযোগের বিষয়ে তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য তথ্য মন্ত্রণালয় কর্তৃক ০৩ (তিন) সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, বাংলাদেশ বেতারের উধ্বর্তন কর্মকর্তাদের সম্পর্কে অসংগত, ভিত্তিহীন, হয়রানিমূলক, মিথ্যা এবং তুচ্ছ অভিযোগ-সম্বলিত তথ্যাদি সংক্রান্ত যে সকল উড়ো চিঠি আসে তার অধিকাংশের সাথেই তিনি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত মর্মে তদন্ত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে ০১/২০১৯ নং বিভাগীয় মামলা রুজু করত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় এবং একই বিধিমালার ৪(৩)(ঘ) এর বিধিমতে কেন তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির অন্য ধারা অনুযায়ী অন্য কোন শাস্তি প্রদান করা হবে না এ বিষয়ে পত্র প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে লিখিত জবাবসহ কারণ দর্শাতে এবং ব্যক্তিগত শুনানীর জন্য নির্দেশ দেয়া হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানী চেয়ে কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে আন্তরিকভাবে ক্ষমা প্রার্থনা ও ভবিষ্যতে এ বিষয়ে আরো সতর্ক থাকবেন মর্মে আনীত অভিযোগ হতে অব্যাহতি চান;

যেহেতু, গত ০৪-০৮-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়। সরকার পক্ষে বাংলাদেশ বেতারের প্রতিনিধি উপস্থিত ছিলেন। শুনানীতে তার বক্তব্য/জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধিমতে তিনি 'অসদাচরণ' এর দায়ে দোষী। এ কারণে তিনি দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, সৈয়দ জাহিদুল ইসলাম, উপপরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা (বর্তমানে প্রেষণে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে কর্মরত)- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধিমতে 'তিরস্কার' দন্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবদুল মালেক**
সচিব।

## শিল্প মন্ত্রণালয়
## বৈদেশিক প্রশিক্ষণ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৬.০০.০০০০.০৫২.২৫.০১০.১৯.৪৫৬**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় উৎপাদনশীলতা পরিষদ (এনপিসি)' নিম্নরূপভাবে পুনর্গঠন করেছে :

(ক) **কমিটির গঠন :**

**সভাপতি**

০১। মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

**সহ-সভাপতি**

০২। মাননীয় প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৪। সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১, মতিঝিল বা/এ, ঢাকা

০৫। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা

০৬। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৭। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৮। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৯। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১০। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১১। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৩। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

১৪। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৫। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন

১৬। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল কর্তৃপক্ষ

১৭। উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা

১৮। উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

১৯। সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি

২০। সভাপতি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন অব বাংলাদেশ

২১। সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

২২। সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

২৩। সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন

২৪। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

২৫। সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি

২৬। সভাপতি, বাংলাদেশ পাটকল সমিতি

২৭। সভাপতি, বাংলাদেশ জুট স্পিনার্স এসোসিয়েশন

২৮। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ)

২৯। সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

৩০। সভাপতি, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন

৩১। সভাপতি, বাংলাদেশ নীট ম্যানুফ্যাকচারাস এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন

৩২। সভাপতি, ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি

৩৩। সভাপতি, বাংলাদেশ ফার্নিচার এসোসিয়েশন

৩৪। সভাপতি, জাতীয় শ্রমিক লীগ

৩৫। সভাপতি, জাতীয় শ্রমিক পার্টি

৩৬। সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র

৩৭। সভাপতি, বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ

৩৮। সভাপতি, এপিও সোসাইটি ফর বাংলাদেশ

**সদস্য-সচিব**

৩৯। পরিচালক, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন

(খ) **পরিষদের কার্যপরিধি :**

১। জাতীয় ভিত্তিক ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে যথাযথ কলাকৌশল উদ্ভাবন ও নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান;

২। বৃহত্তর জনগোষ্ঠীর মধ্যে উৎপাদনশীলতা সম্পর্কে সচেতনতা বোধ সৃষ্টির লক্ষ্যে পরামর্শ প্রদান;

৩। জাতীয় অর্থনীতির বিভিন্নখাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/ কর্মচারীদের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ প্রণয়ন ও পরিচালনা সম্পর্কে পরামর্শ প্রদান;

৪। শিল্প কারাখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতিধারার উৎকর্ষ সাধন ও নির্ণয়ের লক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণের পরামর্শ প্রদান;

৫। উৎপাদনশীলতা বিষয়ক বাস্তব তথ্য সংগ্রহ, সংকলন ও বিশ্লেষণসহ তথ্য ভান্ডার গঠনের পরামর্শ প্রদান;

৬। বাংলাদেশে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর উৎপাদনশীলতা উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে পরামর্শ প্রদান;

৭। ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১—২০৩০ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;

৮। জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদান।

(গ) বছরে ০২ বার (জুন এবং ডিসেম্বর) এবং প্রয়োজনানুসারে জাতীয় উৎপাদনশীলতা পরিষদের সভা অনুষ্ঠিত হবে।

(ঘ) ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ঙ) এ সংক্রান্ত গত ১৭ জুলাই ২০১৮ তারিখের ৩৬.০০.০০০০. ০৫২.২৯.০০১.৩২৫ সংখ্যক প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউর রহমান খান**
যুগ্মসচিব (প্রঃ-২)।

**নীতি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ/০৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৬.০০.০০০০.০৬০.২২.০০৪.১৮-২০০**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা, ২০১৮ এর অধ্যায়-৫ এর (খ) অনুযায়ী 'জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ কাউন্সিল' নিম্নরূপভাবে পুনর্গঠন করছে :

(ক) **কমিটির গঠন :**

**চেয়ারম্যান**

০১। মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

০২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

০৩। সচিব, শিল্প মন্ত্রণালয়

০৪। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

০৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

০৬। সচিব, জননিরাপত্তা বিভাগ

০৭। সচিব, সুরক্ষা বিভাগ

০৮। সচিব, অর্থ বিভাগ

০৯। সচিব, বিদ্যুৎ বিভাগ

১০। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১। সচিব, কৃষি মন্ত্রণালয়

১২। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

১৩। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ

১৪। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

১৫। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

১৬। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

১৭। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

১৮। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৯। সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ

২০। সচিব, স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২১। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

২২। সচিব, তথ্য প্রযুক্তি বিভাগ

২৩। চেয়ারম্যান, ট্যারিফ কমিশন

২৪। মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট

২৫। মহাপরিচালক, বাংলাদেশ এক্রেডিটেশন বোর্ড

২৬। রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

২৭। রেজিস্ট্রার, বাংলাদেশ কপিরাইট অফিস

২৮। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৯। চেয়ারম্যান, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৩০। চেয়ারম্যান, বাংলাদেশ কাউন্সিল অব সায়েন্টিফিক এন্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (বিসিএসআইআর)

৩১। চেয়ারম্যান, বাংলাদেশ এটমিক এনার্জি কমিশন

৩২। মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি

৩৩। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ কাউন্সিল (BARC)

৩৪। সচিব, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৩৫। সভাপতি, বাংলাদেশ ফেডারেশন অব চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

৩৬। সভাপতি, বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ

৩৭। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস

৩৮। সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, বাংলাদেশ

৩৯। সভাপতি, বাংলাদেশ আইপি ফোরাম

৪০। সভাপতি, ইন্টেলেকচ্যুয়াল প্রপার্টি এসোসিয়েশন অব বাংলাদেশ

**সদস্য-সচিব**

৪১। অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব, শিল্প মন্ত্রণালয়

কাউন্সিল তার প্রয়োজন অনুসারে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

(খ) **জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ কাউন্সিলের দায়িত্ব:**

১। উক্ত কাউন্সিল সরকারের উন্নয়ন নীতিমালার সাথে জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালার সাযুজ্য রক্ষা ও মেধাসম্পদ কার্যক্রমকে সমন্বিত করার লক্ষ্যে দায়িত্ব পালন করবে। এটি জাতীয় পর্যায়ে মেধাসম্পদ সম্পর্কিত বিষয়গুলোর মধ্যে সার্বিক সমন্বয় সাধন করবে।

২। দেশের অর্থনৈতিক উন্নয়নে এ নীতিমালার প্রভাব পর্যবেক্ষণ করবে।

৩। কাউন্সিল নির্দিষ্ট সময় অন্তর 'জাতীয় উদ্ভাবন ও মেধাসম্পদ নীতিমালা ২০১৮' পর্যালোচনা করবে এবং জাতীয় উন্নয়নের অগ্রাধিকারের ভিত্তিতে এটিকে হালনাগাদকরণে পরামর্শ প্রদান করবে।

(গ) কাউন্সিল বছরে কমপক্ষে দু'টি সভা করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সলিম উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

**পররাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২২ শ্রাবণ ১৪২৬/০৬ আগস্ট ২০১৯

**নং ১৯.০০.০০০০.৮৫৫.২৭.০০১.১৮-৫৯৭**—যেহেতু বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ দানিয়ুল ইসলাম বিগত ০১ জুলাই ২০০৬ তারিখ হতে অদ্যাবধি বিশ্ব মেধাস্বত্ব সংস্থা (WIPO), জেনেভা, সুইজারল্যান্ডে লিয়েনে কর্মরত রয়েছেন এবং তাহার দ্বিতীয় দফায় লিয়েনের মেয়াদ বিগত ৩০ জুন ২০১৬ তারিখে উত্তীর্ণ হবার পরও তিনি বিগত ১ জুলাই ২০১৬ তারিখ হতে অদ্যাবধি নির্দেশ মোতাবেক মন্ত্রণালয়ে যোগদান না করে সেখানে কর্মরত রয়েছেন। এমনকি দীর্ঘ ১০ বৎসর বৈদিশিক চাকুরীতে রত থাকার পর তিনি অতিরিক্ত আরও তিন বছর লিয়েনের মেয়াদ বৃদ্ধি করার আবেদন করেন যা নামঞ্জুর করা সত্ত্বেও অদ্যাবধি তিনি নির্দেশ অমান্য করে মন্ত্রণালয়ে যোগদান করেননি;

যেহেতু ইতোপূর্বে অসদাচরণ ও পলায়নের অভিযোগে তার বিরুদ্ধে আনীত বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা হলেও পরবর্তীতে তাকে আরও দুইবার মন্ত্রণালয়ে যোগদানের সুযোগ প্রদান করা হয় কিন্তু সেই সুযোগ তিনি গ্রহণ করেননি। বিগত ২৭ আগস্ট ২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে অফিস আদেশ জারিপূর্বক জনাব মোঃ দানিয়ুল ইসলাম কে ০৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে তার বর্তমান কর্মস্থল বিশ্ব মেধাস্বত্ব সংস্থা (WIPO)-র দায়িত্বভার ত্যাগ করে মন্ত্রণালয়ে যোগদানের নির্দেশ প্রদান করা সত্ত্বেও তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে মন্ত্রণালয়ে যোগদানে ব্যর্থ হন এবং অদ্যাবধি মন্ত্রণালয়ে যোগদান হতে বিরত রয়েছেন;

যেহেতু জনাব দানিয়ুল ইসলামের ক্রমাগত অনুপস্থিতির কারণে মন্ত্রণালয়ে তার বিরুদ্ধে ১/২০১৮ নং বিভাগীয় মামলা রুজু করে বাংলাদেশ দূতাবাস জেনেভা-র মাধ্যমে বিগত ১৮-০২-২০১৮ তারিখে তাকে কারণ দর্শানো নোটিশ (অভিযোগনামা) প্রেরণ করা হয়। কিন্তু তিনি এই নোটিশ গ্রহণ করেও নোটিশের জবাব প্রদান না করায় মামলার বিষয়ে তদন্তপূর্বক রিপোর্ট প্রদানের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হতে বলা হলেও সেদিন তিনি অনুপস্থিত থাকেন এবং ১৭ই মে ২০১৮ তারিখ ই-মেইল বার্তার মাধ্যমে শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে পাঁচ সপ্তাহ সময় বাড়ানোর আবেদন করেন। তার এই সময় বৃদ্ধির আবেদন বিবেচনা করে তাকে পরবর্তী শুনানীর জন্য ২৪ জুন ২০১৮ তারিখে হাজির হতে এবং তার শারীরিক অসুস্থতার চিকিৎসা সংক্রান্ত কাগজপত্রাদি পাঠানোর অনুরোধ করা হয়। পাশাপাশি তাকে আরও অবহিত করা হয় যে, নির্ধারিত সময়ে তদন্ত পরিচালনার স্থানে উপস্থিত না হতে পারলে তার অনুপস্থিতিতেই তদন্ত কার্যক্রম পরিচালিত হবে। এতদসত্ত্বেও তিনি উক্ত তদন্ত শুনানীর পূর্ব নির্ধারিত দিনে ই-মেইল বার্তার মাধ্যমে শারীরিক অসুস্থতার কারণ দেখিয়ে পুনরায় ৩০ নভেম্বর ২০১৮ পর্যন্ত সময় বাড়ানোর আবেদন করেন। কিন্তু তার সরবরাহকৃত মেডিক্যাল রিপোর্টসমূহে উল্লিখিত মেডিক্যাল কন্ডিশনে কেন তিনি বিমান ভ্রমণ করে দেশে ফেরত আসতে পারবেন না এবং দ্বিতীয়বার শুনানীতেও উপস্থিত না হয়ে এত দীর্ঘ সময় বৃদ্ধির (নভেম্বর-২০১৮) আবেদন করেছেন তার কোন সন্তোষজনক ব্যাখ্যা পাওয়া যায়নি;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক জনাব ইসলাম অনুমোদিত অনুপস্থিতি শেষে কর্মে যোগদান না করে আরও অতিরিক্ত ৬০(ষাট) দিন বা ততোধিককাল পুনঃঅনুমতি ব্যতিরেকে তিনি যে সচেতনভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকেছেন যে কারণে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগটি স্পষ্টত সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত রিপোর্টে উল্লেখ করা হয়। এতদ্‌প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭, ৮ ও ৯নং উপবিধি মোতাবেক অভিযুক্তকে তদন্ত প্রতিবেদনসহ অবহিতকরণপূর্বক কর্তৃপক্ষের প্রস্তাবিত গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত কেন তার উপর প্রয়োগ করা হবে না, সে বিষয়ে জানতে চেয়ে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিলের জন্য বলা হয়। এ জবাবে তিনি তার কর্মস্থলে দীর্ঘ অননুমোদিত অনুপস্থিতির স্বপক্ষে কোন সন্তোষজনক জবাব দিতে পারেননি;

যেহেতু বিসিএস (পররাষ্ট্র বিষয়ক) ১৮তম ব্যাচের কর্মকর্তা জনাব মোঃ দানিয়ুল ইসলাম একজন প্রথম শ্রেণির কর্মকর্তা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি-৩ উপবিধি (খ) ও (গ) অনুসারে তার 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অপরাধে একই বিধিমালার উপবিধি-৪ (৩)-ঘ ধারা মোতাবেক তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ (dismissal from service)' সংক্রান্ত গুরুদন্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হলে কমিশন পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক তার বিরুদ্ধে গৃহীত গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সঙ্গে একমত পোষণ করেছে; এবং

যেহেতু জনাব মোঃ দানিয়ুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব- কে উপরোক্ত ধারা মোতাবেক গুরুদন্ড আরোপ করার গুরুত্ব অনুধাবন করে তাকে চূড়ান্তভাবে সরকারি চাকুরী হতে বরখাস্তকরণ সংক্রান্ত গুরুদন্ড আরোপের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন রয়েছে;

সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর উপবিধি-৩ (খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযুক্ত কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ দানিয়ুল ইসলামকে একই বিধিমালার বিধি-৪ এর (ঘ) ধারা অনুযায়ী গুরুদন্ড হিসাবে 'চাকুরী হতে বরখাস্তকরণ (dismissal from service)' করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদুল হক**
পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব)।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৬/২৮ আগস্ট ২০১৯

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৯-৪৯৪**—যেহেতু, ডাঃ মোঃ হুমায়ুন কবির (৪০১৪০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোসার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ। (১) কলেজের একাডেমিক কর্মকান্ডে প্রায়শঃ বাধা সৃষ্টি করেন। বহিরাগতদের যোগসাজসে কলেজের কর্মকান্ডে বাধা সৃষ্টি করেন। হাসপাতালের কতিপয় কর্মচারীর সহিত যোগসাজশ করে মেডিকেল কলেজের সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করার চেষ্টা করেন, (২) ক্লাশ, সেমিনার, ওয়ার্ড ও ওটিতে কর্মকালীন সময়ে অধ্যক্ষ ও কলেজের বিরুদ্ধে উস্কানিমূলক সমালোচনা করেন। অধ্যক্ষের আদেশ অমান্য করেন, মাঝে মাঝে সরাসরি সর্বসম্মুখে অধ্যক্ষকে চ্যালেঞ্জ করেন যা দৃষ্টিকটু ও কোনভাবেই কাম্য নয়। শিক্ষকদের সহিত প্রায়শঃ দুর্ব্যবহার করেন। সিনিয়র শিক্ষকদের সম্মান করেন না, (৩) সরকারি কর্মকালীন সময়ে প্রাইভেট ক্লিনিকে অপারেশন করে থাকেন এবং (৪) যত্রতত্র সত্যায়িত করে থাকেন। একই ব্যক্তিকে জাল নামে পাসপোর্ট প্রাপ্তির সহায়তার জন্য আপনার বিরুদ্ধে একটি অভিযোগ পাওয়া যায় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৩-০৩-২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৯-১০৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানোর নোটিশের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। তাঁর ব্যক্তিগত শুনানীকালে অভিযোগের সাথে প্রদত্ত তথ্যের মিল না থাকায় অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত ৪টি অভিযোগের মধ্যে মাত্র ১টি অভিযোগ আংশিক প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন। এ জন্য তিনি তিরস্কার দন্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ হুমায়ুন কবির (৪০১৪০), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), অর্থোসার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ আংশিক প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী তিরস্কার দন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ অধিশাখা)**

**শোক বার্তা**

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৬/০২ সেপ্টেম্বর ২০১৯

**নং ৪৬.০০.০০০০.০৬৭.৯৯.০৮৪.১৭-৭৫৬**—জনাব মোঃ আব্দুল মালেক সরকার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিআরএল ভোগরত), এলজিইডি, রাজশাহী বিভাগ, রাজশাহী গত ১৭-০৮-২০১৯ খ্রিঃ তারিখে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম মোঃ আব্দুল মালেক সরকার ২২-০১-১৯৮৪ খ্রিঃ তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে সহকারী প্রকৌশলী হিসেবে চাকুরীতে যোগদান করেন। তিনি কর্মজীবনে একজন সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাঁর এই মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে এবং তাঁর পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৬/২৯ আগস্ট ২০১৯

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৬০.২০১৪-৭৪০**—জনাব মোঃ নুরুজ্জামান, সহকারী প্রকৌশলী (আইন) (সাময়িক বরখাস্ত), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সাবেক উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উপজেলাঃ রামপাল, জেলাঃ বাগেরহাট) এর বিরুদ্ধে জনাব এস, এম, শামীম ইকবাল, উপ-সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, খুলনা কর্তৃক রামপাল থানায় দায়েরকৃত মামলা নং-০৯-এ বিগত ১৭-০৭-২০১৪ তারিখে গ্রেফতার হন। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের বিগত ২০-১১-২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০. ০৬০.২০১৪-৮৭৪ সংখ্যক প্রজ্ঞাপনে তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। যেহেতু, বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ, খুলনা কর্তৃক বিশেষ মামলা নং-০৭/২০১৬ এর রায়ে জনাব মোঃ নুরুজ্জামান, সহকারী প্রকৌশলী (আইন), (সাময়িক বরখাস্ত), এলজিইডি সদর দপ্তর, ঢাকা (সাবেক-উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উপজেলাঃ রামপাল, জেলাঃ বাগেরহাট) এর বিরুদ্ধে আনীত দন্ড বিধির ১৬১ ধারা তৎসহ ১৯৪৭ সালের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে উক্ত ধারার অভিযোগ হইতে নির্দোষ সাব্যস্তে বেকসুর খালাস দেওয়া হয়েছে; এবং

৩। যেহেতু, উক্ত স্পেশাল জজ, খুলনা এর রায়ের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের অসম্মতিতে মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ক্রিমিনাল আপিল নং-২৫৭৫/২০১৮ মামলার রায়ে মামলাটি Dismissed করে বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ, খুলনা আদালতের রায়টি “Affirmed” করা হয়েছে;

৪। সেহেতু, জনাব মোঃ নুরুজ্জামান, সহকারী প্রকৌশলী (আইন) (সাময়িক বরখাস্ত), এলজিইডি সদর দপ্তর, ঢাকা (সাবেক-উপজেলা প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, উপজেলাঃ রামপাল, জেলাঃ বাগেরহাট) এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

**হেলালুদ্দীন আহমদ**
সচিব।

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০১৯

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০২.১৬-৯১৯**—দিনাজপুর পৌরসভার ১১নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আহামেদুজ্জামান মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উক্ত ওয়ার্ড কাউন্সিলর এর পদটি প্রজ্ঞাপন জারির তারিখ থেকে শূন্য ঘোষণা করিল।

নং **৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০২.১৬-৯২০**—জয়পুরহাট জেলার আক্কেলপুর পৌরসভার ২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব আহম্মদ আলী মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উক্ত ওয়ার্ড কাউন্সিলর এর পদটি প্রজ্ঞাপন জারির তারিখ থেকে শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আ ন ম ফয়জুল হক**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬/০৪ সেপ্টেম্বর ২০১৯

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০৪৩.২০১১-৭৬৮/১**—যেহেতু, জনাব মোঃ জামাল হোসেন, সাবেক নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) (বর্তমানে সাময়িক বরখাস্ত), এলজিইডি, ভোলা-এর বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগ হতে বিগত ০৪-১০-২০১০ তারিখের নং-স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/ বিমা/৭১/২০১০/৭০৭ স্মারকমূলে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা দায়ের করা হয়;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের বিগত ০৫-১০-২০১০ তারিখের নং-স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭১/২০১০/৭০৯, স্মারকমূলে তাঁকে সরকারি চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ হতে বিগত ১৯-১০-২০১০ তারিখের স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭৫/২০১০/৭৪৬ স্মারকমূলে অসদাচরণের দায়ে আরও একটি বিভাগীয় মামলা দায়ের করা হয়;

যেহেতু, এলজিইডি এর গত ২৩-০৯-২০১০ তারিখের এলজিইডি/সিই/ই-৪৭/২০০২/৮৬৫১ সংখ্যক আদেশমূলে তাঁকে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ভোলা জেলা হতে পল্লী উন্নয়ন অবকাঠামো উন্নয়ন প্রকল্প পার্বত্য চট্টগ্রাম এর সদর দপ্তরে নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) হিসেবে বদলি করা হয়;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ২৬-০৬-২০১১ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০৪৩.২০১১-৫২২ সংখ্যক স্মারকমূলে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে আরও একটি বিভাগীয় মামলা দায়ের করা হয়; এবং

যেহেতু, তিনি বদলির আদেশ ও সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮০৫৩/২০১১ দায়ের করেন। উক্ত রীট পিটিশনে উভয় পক্ষে চূড়ান্ত শুনানী অন্তে গত ৩০-০১-২০১৭ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ তাঁর পক্ষে রায় প্রদান করেন; যেহেতু, রীট পিটিশন নং-৮০৫৩/২০১১ এর রায়ের বিপরীতে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল (নং-১৯৭৯/১৮) দায়ের করা হলে মাননীয় সুপ্রিম কোর্টের আপিলেট ডিভিশন গত ২৮-১০-২০১৮ তারিখে মামলাটি Dismissed করেন; এবং যেহেতু, আপিল বিভাগের রায়ের বিরুদ্ধে সরকার কর্তৃক সিভিল রিভিউ পিটিশন নং-২২০/২০১৯ দায়ের করা হলে গত ২৫-০৭-২০১৯ তারিখের রায়ে মামলাটি Dismissed করেন।

সেহেতু, মাননীয় সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮০৫৩/২০১১ আদেশ অনুযায়ী জনাব মোঃ জামাল হোসেন, উপ-প্রকল্প পরিচালক (সাময়িক বরখাস্ত), প্রেষণে-বৃহত্তর চট্টগ্রাম জেলা পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-কে স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন-১ শাখার বিগত ০৫-১০-২০১০ খ্রিঃ তারিখের স্থাসবি/শাঃ/উন্নয়ন-১/বিমা/৭৫/২০১০/৭০৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে সাময়িক বরখাস্তের আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। একই সাথে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ০৩(তিন) টি নিস্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হেলালুদ্দীন আহমেদ**
সচিব।